বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.২০৩.০৬.০০০৫.২৩.১১৫

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বোর্ডের মালিকানাধীন জমির নামজারি সম্পন্নকরণ ও অবৈধ দখলদারদের উচ্ছেদ প্রসঙ্গে**

সূত্র: পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০০০.০৩২.০৬.০০৬৪.১৭.৩৯৮; তারিখ: ০৯ জুলাই, ২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের বরাতে জানানো যাচ্ছে যে, বোর্ডের মালিকানাধীন জমির নামজারি/রেকর্ড ০৩(তিন) মাসের মধ্যে সম্পন্নকরণ এবং অবৈধ দখলদারদের উচ্ছেদের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মে/২০২৫ মাসের সমন্বয় সভার ১৫(খ) নং সিদ্ধান্তে উল্লেখ রয়েছে। কিন্তু মাঠপর্যায় হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদনে দেখা যায় যে, মে/২০২৫ মাসে মাত্র ১৮৭.৩৪ একর জমির নামজারি সম্পন্ন হয়েছে এবং অদ্যাবধি ১০৮৩৪৭.৪৩ একর জমি নামজারি বহির্ভুত রয়েছে। যেখানে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ০৩(তিন) মাসের মধ্যে নামজারি সম্পন্ন করার টার্গেট দেওয়া হয়েছে, সেখানে ০১(এক) মাসে মাত্র ১৮৭.৩৪ একর জমির নামজারি সম্পাদনের বিষয়টি কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। অন্যদিকে অবৈধ দখলকৃত ২৫৩৬.৪৭ একর জমির মধ্যে মে/২০২৫ মাসে কেবলমাত্র ১০৬.২৭ একর জমি হতে অবৈধ দখলদারদের উচ্ছেদ করা হয়, যা অত্যন্ত হতাশাব্যঞ্জক।

২। বর্ণিত অবস্থায়, আগামী ৩১/০৮/২০২৫ খ্রি: তারিখের মধ্যে নামজারি বহির্ভুত ১০৮৩৪৭.৪৩ একর জমির নামজারি/রেকর্ড সম্পন্নকরণ এবং অবৈধ দখলকৃত ২৪৩০.২০ একর জমি হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের কার্যকর পদক্ষেপ গ্রহণপূর্বক মাসিক প্রতিবেদনে উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো।

৩। এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

২১-০৭-২০২৫
মোঃ ছাইফুল ইসলাম
পরিচালক (ভূমি ও রাজস্ব) (ভারপ্রাপ্ত)
০২২২২২৩০০৫৬
dir.land@bwdb.gov.bd


নির্বাহী প্রকৌশলী (সকল)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.২০৩.০৬.০০০৫.২৩.১১৫/১ (৯)

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী(সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (জোনের আওতাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। সিএসও টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন সার্কেল (সকল), বাপাউবো সার্কেলাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (জারীকৃত পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) )।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৯। অফিস কপি/মাষ্টার কপি, ।



২১-০৭-২০২৫
মোঃ মনিরুল ইসলাম চিশতী
সহকারী পরিচালক